গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
http://baliadangi.thakurgaon.gov.bd

স্মারক নং: ০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০০১.২৪- ২২৮ তারিখ : ০৫/০২/২০২৪ খ্রিঃ।

## বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি নং- ১

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের, প্রশাসন- ২শাখার ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ স্মারক এবং গত ২০ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.১০. ০০.০০১.২০১৮.৯৩ নং স্মারক অনুযায়ী অত্র উপজেলার নিম্ন বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে আগ্রহী দরদাতাগনের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নোক্ত সময়সূচি ও শর্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও,বালিয়াডাঙ্গী উপজেলা ভূমি অফিস, বালিয়াডাঙ্গী থানা, সোনালী ব্যাংক, বালিয়াডাঙ্গী শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) নিম্নে উল্লিখিত তারিখে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও (এলজি শাখা), পুলিশ সুপারের কার্যালয়, ঠাকুরগাঁও, উপজেলা ভূমি অফিস, বালিয়াডাঙ্গী, বালিয়াডাঙ্গী থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নিম্নে নির্ধারিত তারিখ ও সময়ে দাখিল করা যাবে এবং একই দিন বিকাল ৩.০০ ঘটিকার সময় আবেদনকারীর সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্সে গৃহীত দরপত্রসমূহ খোলা হবে। কোন হাট-বাজারের অনূকুলে ১ম বার দরপত্র গৃহীত না হলে ২য় বার দরপত্র দাখিল করা যাবে এবং এরুপ ধারাবাহিকভাবে ধার্য তারিখ সমূহে দরপত্র দাখিল করা যাবে। সর্বশেষ ধার্য তারিখেও দর গ্রহীত না হলে কর্তৃপক্ষ পুন: দরপত্র আহবান করতে পারবেন।

### দরপত্র ক্রয় ও দাখিলের তারিখ

| দরপত্র ক্রয়ের শেষ তারিখ | ১ম বার | ২য় বার | ৩য় বার | ৪র্থ বার | ৫ম বার |
|---|---|---|---|---|---|
| | ২৭/০২/২০২৪ মঙ্গলবার | ১০/০৩/২০২৪ রবিবার | ২৪/০৩/২০২৪ রবিবার | ১৫/০৪/২০২৪ সোমবার | ২৮/০৪/২০২৪ রবিবার |
| দরপত্র দাখিলের তারিখ ও সময় | ২৮/০২/২০২৪ বুধবার বেলা-১.০০ ঘটিকা | ১১/০৩/২০২৪ সোমবার বেলা-১.০০ ঘটিকা | ২৫/০৩/২০২৪ সোমবার বেলা-১.০০ ঘটিকা | ১৬/০৪/২০২৪ মঙ্গলবার বেলা-১.০০ ঘটিকা | ২৯/০৪/২০২৪ সোমবার বেলা-১.০০ ঘটিকা |

### হাট-বাজারের নাম, অবস্থান ও দরপত্রের মূল্য .

| ক্র:নং | হাট-বাজারের নাম। | যে ইউনিয়নে অবস্থিত। | ৬% বৃদ্ধিতে কাঙ্খিত মূল্য/সরকারি মূল্য | সিডিউল মূল্য। |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | পাড়িয়া হাট | ১ নং পাড়িয়া | ৩৩,৪২৭/- | ৫০০/- |
| ০২ | লাহিড়ী হাট | ২ নং চাড়োল | ৫৬,৮৯,৪২৭/- | ১২,৫০০/- |
| ০৩ | দোগাছী হাট | ২ নং চাড়োল | ১,৮৫৫/- | ৫০০/- |
| ০৪ | খোচাবাড়ী হাট | ৩ নং ধনতলা | ৩,২৯৪/- | ৫০০/- |
| ০৫ | মোড়ল হাট | ৪ নং বড়পলাশবাড়ী | ১৫,৩৭০/- | ৫০০/- |
| ০৬ | কুশলডাঙ্গী হাট | ৪ নং বড়পলাশবাড়ী | ৫৬,৭০৫/- | ৫০০/- |
| ০৭ | বাদামবাড়ী হাট | ৪ নং বড়পলাশবাড়ী | ৩৪,৬২৭/- | ৫০০/- |
| ০৮ | কালমেঘ হাট | ৫ নং দুওসুও | ৩২,৮২৮/- | ৫০০/- |
| ০৯ | হলদিবাড়ী হাট | ৬ নং ভানোর | ৩,২০১/- | ৫০০/- |
| ১০ | স্কুলের হাট | ৭ নং আমজানখোর | ১,৭১,২৯৯/- | ১,০০০/- |
| ১১ | হরিনমারী হাট | ৭ নং আমজানখোর | ৪১,০৫৭/- | ৫০০/- |
| ১২ | কঞ্চুর হাট | ৭ নং আমজানখোর | ৩,৯৭৭/- | ৫০০/- |
| ১৩ | রাজার দিঘী ক্যাম্পের হাট | ৭ নং আমজানখোর | ২,২৬১/- | ৫০০/- |
| ১৪ | বেউরঝাড়ী হাট | ৭ নং আমজানখোর | ৭৩০/- | ৫০০/- |
| ১৫ | সুরমা হাট | ৭ নং আমজানখোর | ৭১৫/- | ৫০০/- |
| ১৬ | বালিয়াডাঙ্গী চৌরাস্তা হাট | ৮ নং বড়বাড়ী ইউপি | ৫১৮৩১/- | ৫০০/- |

### ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী :

১। দরপত্র ফরম ও শর্তাবলী সম্বলিত বিস্তারিত তথ্য অনুযায়ী দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারি ও সাপ্তাহিত ছুটি ব্যতিত) নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ছাড়াও (১) জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও (২) উপজেলা ভূমি অফিস, বালিয়াডাঙ্গী (৩) বালিয়াডাঙ্গী থানা এবং (৪) সোনালী ব্যাংক, বালিয়াডাঙ্গী শাখা হতে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের জন্য ধার্য তারিখে কোন প্রকার দরপত্র বিক্রয় করা হবে না।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফশিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও এর অনুকুলে জমা দিতে হবে। ইহার অন্যথা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫%

অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পয় পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধিত করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যয়িত টাকা জামানতকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

৩। কমিটি কর্তৃক দরপত্র গৃহীত হওয়ার পর ইজারাদারাকে ইজারা মূল্যে ও ১০% অর্থ আয়কর ১-১১৪১-০০৬৫-০১১১ নং কোডে এবং ১৫% অর্থ ভ্যাট হিসেবে ১-১১৩৩-০০৪৫-০৩১১ নং কোডে ট্রেজারি চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, বালিয়াডাঙ্গী শাখায় জমাসহ দরপত্রের অবশিষ্ট টাকা দরপত্র গ্রহনের ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে জমা দিতে হবে। ট্রেজারি চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর অনুকুলে জমা দিতে হবে, ব্যর্থতায় জামানতের অর্থ রাস্ট্রের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে।

৪। দরপত্রে সর্বোচ্চ দরদাতাগণের দর গ্রহন করা হবে । তবে উক্ত দর কাঙ্খিত ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। এভাবে ১ম বার উপর্যুক্ত দর পাওয়া না গেলে ২য় বারেও পর্যায়ক্রমিকভাবে দরপত্র আহবান অব্যাহত থাকবে

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য ব্যবহার করা যাবে না। এছাড়াও এক দফার জন্য ক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও ছবি, ভোটার আইডি নম্বর ও চাহিত অন্যান্য তথ্যাদি ও বাজারের নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৭। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারার চুক্তি সম্পাদন করতে হবে।

৮। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। কোন প্রকার কাটাকাটি,ঘষা,মাজা এবং ওভার রাইটিংযুক্ত দরপত্র গ্রহণ করা যাবে না ।

১০। সরকার অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচার করতে বাধ্য থাকবেন।

১১। ইজারাদার কোনক্রমেই প্রাপ্ত হাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি এরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। অনভিপ্রেত কোন ঘটনায় হাটের ইজারার টাকা সরকারি পাওনা আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৩। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন।

১৫। ইজারাদার কর্তৃক টোল আদায় ব্যর্থতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

১৬। উল্লিখিত শর্তাবলীতে উল্লেখ নেই অথচ আইন দ্বারা স্বীকৃত এমন শর্তাবলী ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৭। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষন করেন।

১৮। উপরের যে কোন শর্ত পালনে ব্যর্থতা/গাফিলাতি প্রদর্শন করলে ইজারার মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল করাসহ জমাকৃত টাকা সরকার বরাবর বাজেয়াপ্ত করা হবে।

০৫/০২/২০২৪

(মোছা: আফছানা কাওছার)
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
☎ ০২৫৮৯৯-৩৩০০১
Email-unobaliadangi @mopa gov.bd

স্মারক নং: ০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০০১.২৪- ১২৮(৫০) তারিখ : ০৫/০২/২০২৪ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব, ঠাকুরগাঁও।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাংগী/ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রানীসংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর/পীরগঞ্জ/রানীসংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।
৬। সহকারী কমিশনার (ভূমি), বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
৭। অফিসার ইনচার্জ, বালিয়াডাংগী থানা।
৮। উপজেলা ..........................................................................................কর্মকর্তা, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান ..........................................................................................(সকল) ইউ পি, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও।
১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বালিয়াডাংগী শাখা।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.......................................................ইউনিয়ন ভূমি অফিস, তাকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব ...................................................................... ইজারাদার..................................................................হাট, বালিয়াডাংগী।
১৩। জনাব...................................................প্রতিনিধি, ................................................পত্রিকায় সংক্ষিপ্ত আকারে বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৪। অফিস নথি/নোটিশ বোর্ড।

০৫/০২/২০২৪

(মোছা: আফছানা কাওছার)
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও